



ডিআইইউতে এশিয়া লিডারশিপ প্রোগ্রাম

চীনের ইউথিংক সেন্টারের উদ্যোগে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) আশুলিয়া ক্যাম্পাসে ৮ থেকে ১৬ আগস্ট 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে যুবসমাজ' শীর্ষক এশিয়া লিডারশিপ প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। চীনের বিভিন্ন খেতের ১৬ জন তরুণ ব্যবসায়ী উদ্যোক্তা ও শিক্ষার্থী এ প্রোগ্রামে অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ইউসুফ মাহাবুবুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন বাণিজ্য ও উদ্যোক্তা অনুষদের ডিন মাসুম ইকবাল। ফিলিপাইন থেকে আসা ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিজিটিং প্রফেসর নেইল পেরেজ বালবা অংশগ্রহণকারীদের উপস্থাপিত সামাজিক ব্যবসার ধারণাসমূহ মূল্যায়ন করেন এবং যথাযথ সংযোজন ও পরিমার্জন করে পরবর্তী উন্নয়নের জন্য পরামর্শ দেন। বিজ্ঞপ্তি